## পেনশনার সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৪ খ্রিঃ)

**মূল্যমানঃ** ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ ও ১০,০০,০০০ টাকা।

**যেখানে পাওয়া যায়ঃ** জেলা সঞ্চয় অফিস ও জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরোসমূহ, বাংলাদেশ ব্যাংকের শাখাসমূহ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

**মেয়াদঃ** ৫ (পাঁচ) বছর।

মুনাফা হারঃ

| সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | ৭,৫০,০০০ টাকা পর্যন্ত | ৭,৫০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
|---|---|---|---|
| পেনশনার সঞ্চয়পত্র | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | |
| | ১ম বছরান্তে | ৯.৮৪ | ৯.৭২ |
| | ২য় বছরান্তে | ১০.৩২ | ১০.১৯ |
| | ৩য় বছরান্তে | ১০.৮৪ | ১০.৭০ |
| | ৪র্থ বছরান্তে | ১১.৩৯ | ১১.২৩ |
| | ৫ম বছরান্তে | ১১.৯৮ | ১১.৮০ |

মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপর্যুক্ত ছকে উল্লিখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

**উৎসে করঃ** পেনশনার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর কোন উৎসে কর কর্তন করা হয় না। ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

**যারা ক্রয় করতে পারবেনঃ** অবসরপ্রাপ্ত সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী, সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতিগণ, সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য এবং মৃত চাকরিজীবীর পারিবারিক পেনশন সুবিধাভোগী স্বামী/স্ত্রী/সন্তান।

**ক্রয়ের উর্ধ্বসীমাঃ** প্রাপ্ত আনুতোষিক (Gratuity) ও ভবিষ্য তহবিলের অর্থ (চূড়ান্ত) মিলিয়ে একক নামে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) ত্রৈমাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;

(খ) নমিনি নিয়োগ করা যায়;

(গ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনি সাথে সাথেই অথবা মেয়াদ উত্তীর্ণের পর সঞ্চয়পত্র নগদায়ন করতে পারেন।